দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 23 1998
পৃষ্ঠা ... ৩

# সমস্যার আবর্তে বাগেরহাট গণ গ্রন্থাগার

বাগেরহাট সংবাদদাতা ॥ বাগেরহাট গণগ্রন্থাগারটি এক ভাড়া বাড়ীতে চলিতেছে। গ্রন্থাগারে ১৮ হাজার গ্রন্থ থাকিলেও আপটুডেট গ্রন্থের সংখ্যা কম। বিদেশী সাময়িকী নাই বলিলেই চলে। একটি কম্পিউটার স্থাপন করা হইলেও অপারেটর নাই। পাঠক সংখ্যা ক্রমবর্ধমান হইলেও স্থান সংকুলান হইতেছে না। সহকারী লাইব্রেরিয়ানের পদসহ ৩টি পদ শূন্য। জুনিয়র লাইব্রেরিয়ান বদলি হওয়ায় পদটি শূন্য আছে। লোকবলের অভাবে বিপুল সংখ্যক পাঠককে বই সংগ্রহে নজরদারির অভাবে প্রতিদিনই কিছু না কিছু গ্রন্থ খোয়া যাইতেছে। প্রায় ৮১ লক্ষ টাকা ব্যয়ে বাগেরহাটে জেলা পাবলিক নূতন লাইব্রেরী নির্মাণ প্রকল্পের কাজ গত ৩রা ফেব্রুয়ারী শুরু হইলেও অত্যন্ত মন্থর গতিতে উহা চলিতেছে।

67